সংবাদ

21 JAN 2017
পৃঃ 8

# নারী শিক্ষার উন্নয়নে দিনাজপুরের জাংগই নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়

সংবাদ ডেস্ক

দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলাধীন ৩নং আলীহাট ইউনিয়নের জাংগই গ্রামে অবস্থিত জাংগই নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়। বিদ্যালয়টি দুই হাজার সালে নারী শিক্ষার উন্নয়নের জন্য প্রতিষ্ঠিত হয় এবং ২০১০ সালের মে মাসে এমপিওভুক্ত হয়।

এ প্রতিষ্ঠানের গত ২০১৫ সালে জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় শতকরা পাসের হার ৯৮ শতাংশ। বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীর সংখ্যা ১০ জন। প্রতিষ্ঠানটি দুই হাজার সাল থেকে বিভিন্ন প্রতিকূল পরিবেশে শিক্ষাদান করে আসছে। রয়েছে ৪টি শ্রেণীকক্ষ ও ১টি অফিস কক্ষ। যা স্কুলে ছাত্রীদের তুলনায় অপ্রতুল। বিদ্যালয়টির ৯ম-১০ম শ্রেণীর অনুমোদন এখনও প্রক্রিয়াধীন। বেড়ে চলা ছাত্রীদের জন্য প্রথমেই দরকার আরও ৩টি শ্রেণীকক্ষ। এটি এলাকার একমাত্র বালিকা বিদ্যালয়। সুতারাং ছাত্রীদের নিরাপত্তার একটি মৌলিক বিষয়। এজন্য বিদ্যালয়টির চর্তুদিকে সীমানা প্রাচীর তৈরি আবশ্যক। কিন্তু বিদ্যালয়ের নিজস্ব কোন তহবিল না থাকায় অদ্যাবধি সীমানা প্রাচীর তৈরি করা সম্ভব হয়নি। ফলে বিদ্যালয়টি নারীদের জন্য অবকাঠামোগত দিক থেকে শতভাগ নিরাপদ নয়।

এছাড়াও বর্তমান বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তির যুগে কম্পিউটার ল্যাব, কম্পিউটার মাল্টিমিডিয়া প্রজেক্টর ইত্যাদি বিদ্যালয়ে একান্ত প্রয়োজন যা এখনও পাওয়া যায়নি। ফলে শতভাগ শিক্ষা দিতে এখনও অনেক সমস্যার সম্মুখীন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক কেরুবিম ক্যারকেটা বলেন, অচিরেই উল্লেখিত সমস্যাগুলোর সমাধান করা না গেলে ব্যর্থ হবে ছাত্রীদের বিজ্ঞানসম্মত শিক্ষা দান।

তিনি সমস্যাগুলো সমাধানের জন্য 'প্রধানমন্ত্রীর' দৃষ্টি আর্কষণ করেন। বিদ্যালয়টির শিক্ষার মানোন্নয়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করলে জাংগই নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়টি একদিন হাকিমপুরের তথা সমগ্র দিনাজপুরের একটি আদর্শ বিদ্যাপীঠ হিসেবে সারাদেশে স্বীকৃতি লাভ করবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।